

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪০

১/ বিবিধ

আরবী

عليكم بالقرع فإنه يزيد في الدماغ، وعليكم بالعدس فإنه قدس على لسان سبعين نبيا موضوع

رواه الطبراني في " الكبير " (22 / 62 _ رقم 152) من طريق عمرو المذكور آنفا عن ابن علاثة عن ثور عن مكحول عن واثلة

وقال السيوطي في " اللآليء " (2 / 151) بعد أن ساقه من هذا الوجه: وعمرو وشيخه متروكان

قلت: ومع هذا فقد أورده في " الجامع الصغير "! قال الزركشى في " اللآليء المنثورة في الأحاديث المشهورة " (رقم 143 _ نسختي) : ووجدت بخط ابن الصلاح أنه حديث باطل ... سئل عنه ابن المبارك؟ فقال: ولا على لسان نبي واحد! إنه لمؤذ ينفخ وذكره ابن الجوزي في " الموضوعات " (2 / 294 _ 295) من عدة طرق وحكم عليه بالوضع، قال المناوي: ودندن عليه المؤلف ولم يأت بطائل، وكذلك أورد حديث العدس هذا الصغاني في " الأحاديث الموضوعة " (ص 9) وكذا ابن القيم، فقال في " المنار " (ص 20) : ويشبه أن يكون هذا الحديث من وضع الذين اختاروه على المن والسلوى وأشباههم

وأقره على القاري في " موضوعاته " (ص 107)

وقال ابن تيمية في " مجموع الفتاوي " (27 / 23) : حديث مكذوب مختلق باتفاق أهل العلم، ولكن العدس هو مما اشتهاه اليهود، وقال الله لهم (أتستبدلون الذي هو أدنى



بالذي هو خير)

বাংলা

৪০। তোমরা কদু (লাউ) অপরিহার্য করে নাও। কারন তা অনুভূতি (জ্ঞান) বৃদ্ধি করে। তোমরা ডালকে অপরিহার্য করে নাও, কারন তার পবিত্রতা বর্ণিত হয়েছে সত্তর জন নবীর ভাষায়।

হাদীসটি জাল।

হাদীসটি তাবারানী "মুজামুল কাবীর" গ্রন্থে (২২/৬২ নং১৫২) আমর ইবনুল হুসাইন সূত্রে ইবনু আলাসা হতে বর্ণনা করেছেন।

সুয়তী "আল-লাআলী" গ্রন্থে (২/১৫১) বলেছেনঃ আমর ও তার শাইখ তারা দু'জনই মাতরূক।

আমি (আলবানী) বলছিঃ তা সত্ত্বেও সুয়ৃতী হাদীসটি "জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন।

যারাকশী "আল-লাআলিল মানসূরা ফিল আহাদীসল মশহুরাহ" (১৪৩ নং) গ্রন্থে বলেনঃ ইবনুস সালাহ-র হাতের লিখায় পেয়েছি যে, এটি একটি বাতিল হাদীস। হাদীসটি ইবনুল জাওয়ী "মাওযুআত" গ্রন্থে (২/২৯৪,২৯৫) কয়েকটি সূত্রে উল্লেখ করেছেন এবং বানোয়াট হিসাবে হুকুম লাগিয়েছেন।

সাগানী "আহাদীসুল মাওয়ূ"আহ" গ্রন্থে (পৃঃ ৯) ও ইবনুল কাইয়্যিম আলজাওযিয়া "আল-মানার" গ্রন্থে (পৃঃ ২০) উল্লেখ করে বলেছেনঃ এটি সাদৃশ্যপূর্ণ সেই সব জালকারীদের সাথে যারা মান্না ওয়াস সালওয়ার উপর এটিকে পছন্দ করেছেন।

আলী আল-কারী তার "মাওযুআত" গ্রন্থে (পৃঃ ১০৭) এটিকে বানোয়াট হিসাবেই স্বীকার করেছেন। ইবনু তাইমিয়্যা "মাজমূউ ফাতাওয়া" গ্রন্থে বলেছেনঃ জ্ঞানীজনদের ঐক্যমতে মিথ্যা ও বানোয়াট।

এ মিথ্যক আমরের আরো একটি হাদীস। (দেখুন পরেরটি)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন